**OFFICE OF THE DIRECTOR (RESEARCH & EXTENSION)**
Dhaka University of Engineering & Technology, Gazipur
Gazipur-1700.

**পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর দপ্তর**
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০০।

Tel : PABX- 88-02-9204734-53, Ext : 1067, Fax : 88-02-9204720, E-mail : director.re@duet.ac.bd


Ref : স্মারক নং-ঢাপ্রপ্রবি/প(গওস)/TA-RA/২০২৪-২৫/ ৯৭৯ Date : 05/12/2024

বিভাগীয় প্রধান/ পরিচালকবৃন্দ

সিভিল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ফুড ইঞ্জিনিয়ারিং/পদার্থবিজ্ঞান/রসায়ন/গণিত/ইনস্টিটিউট অব এনার্জি ইঞ্জিনিয়ারিং/ ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনস্টিটিউট অব ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট।

**বিষয় ঃ ২০২৪-২৫ অর্থবছরে ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদান প্রসঙ্গেঃ**

২০২৪-২৫ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের পিএইচডি প্রোগ্রামের ফেলোশীপ এবং মাস্টার্স/এমফিল প্রোগ্রামের টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদানের নিমিত্ত বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ পাওয়ার জন্য এ সংক্রান্ত নীতিমালা (কপি সংযুক্ত) অনুসরণ করে বিভাগীয় কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক মনোনীত ছাত্র-ছাত্রীদের আবেদনের তালিকাসহ প্রয়োজনীয় কাগজপত্রের ০৮ সেট হার্ডকপি আগামী **১৭** ডিসেম্বর, ২০২৪ খ্রি. রোজ মঙ্গলবারের মধ্যে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তরে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

(অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী)
পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)
ডুয়েট, গাজীপুর।

# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/একা:/৭৩/(অংশ-১)২০১০/২৬৪৩ তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রীঃ

## প্রজ্ঞাপন

গত ০৫/১০/২০১৭ইং তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৫৬তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের পিএইচডি প্রোগ্রামের জন্য ফেলোশীপ এবং মাস্টার্স/এমফিল প্রোগ্রামের জন্য টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদানের নীতিমালা নিম্নরূপভাবে অনুমোদন প্রদান করা হইল।

পিএইচডি প্রোগ্রামের জন্য ফেলোশীপ এবং মাস্টার্স/এমফিল প্রোগ্রামের জন্য টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রথা প্রযোজ্য হবে। ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ পাওয়ার জন্য একজন পূর্ণকালীন পোস্ট গ্র্যাজুয়েট ছাত্র-ছাত্রীকে নির্ধারিত আবেদনপত্র বিভাগীয় প্রধানের মাধ্যমে নিম্নরূপ শর্তাবলী অনুযায়ী পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর দপ্তরে জমা দিতে হবে।

সাধারণ শর্তাবলী ঃ

১। অন্তত:পক্ষে ১২ ক্রেডিট আওয়ার রেজিস্ট্রেশন করলেই কেবলমাত্র কোন ছাত্র/ছাত্রীকে পূর্ণকালীন ছাত্র/ছাত্রী বলে গণ্য করা হবে।

২। সকল অনুষদের মাস্টার্স প্রোগ্রামের পূর্ণকালীন ছাত্র/ছাত্রীদেরকে সর্বোচ্চ ১৮ মাস ও এমফিল প্রোগ্রামের পূর্ণকালীন ছাত্র/ছাত্রীদেরকে সর্বোচ্চ ২৪ মাস টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ (রিসার্চ প্রজেক্ট পাওয়া গেলে) পাওয়ার উপযুক্ত বলে গণ্য করা যেতে পারে এবং পিএইচডি প্রোগ্রামের পূর্ণকালীন ছাত্র/ছাত্রীদেরকে সর্বোচ্চ ৩৬ মাস ফেলোশীপ পাওয়ার উপযুক্ত বলে গণ্য করা যেতে পারে।

৩। স্নাতকোত্তর ছাত্র/ছাত্রীদেরকে ১ম সেমিস্টারের স্নাতক পর্যায়ের চূড়ান্ত ফলাফল/স্নাতকোত্তর পর্যায়ের কোন সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে পরবর্তি সেমিস্টারের (৬ মাসের) জন্য ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদান করা হবে, যা কোনক্রমেই ২ নং নিয়ম হতে বেশী হতে পারবে না।

৪। একজন ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ আবেদনকারী ছাত্র/ছাত্রীকে ১ম সেমিস্টারের জন্য স্নাতকোত্তর কোর্সের ভর্তির কোয়ালিফাইং ডিগ্রীসহ GPA ৩.০০ অর্জন করতে হবে। পরবর্তি সেমিস্টারসমূহের জন্য সর্বনিম্ন ১২ ক্রেডিট কোর্সে কমপক্ষে GPA ৩.০০ অর্জন করতে হবে এবং সেই সঙ্গে যদি থিসিস/প্রজেক্ট এর কাজ চলমান থাকে তাতেও সন্তোষজনক অগ্রগতি থাকতে হবে।

৫। ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ এর জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে একজন ছাত্রের ফেলোশীপ ৩৬ মাস এবং টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ ১৮ মাস/২৪ মাস পর্যন্ত অব্যাহত থাকবে। তবে যে কোন সেমিস্টারে ন্যূনতম যোগ্যতা অর্জনে ব্যর্থ হলে ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ বাতিল হবে এবং প্রদত্ত অর্থ (যদি থাকে) ফেরত দিতে হবে।

৬। পূর্ণকালীন কোন ছাত্র/ছাত্রী যে কোন কারণে প্রথম সেমিস্টারে ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ এর জন্য বিবেচিত না হলে দ্বিতীয় বা পরবর্তি সেমিস্টারে (শর্তপূরণ সাপেক্ষে) ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ এর জন্য বিবেচিত হবে।

৭। প্রতিমাসে ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ এর টাকা উঠাবার বিলে কোর্স কো-অর্ডিনেটর (পোস্ট-গ্র্যাজুয়েট)/সুপারভাইজার/সাব-প্রজেক্ট ম্যানেজার (যদি থাকে) এবং বিভাগীয় প্রধানের একটি সুপারিশ থাকতে হবে, যে উক্ত ছাত্র/ছাত্রী ঐ মাসে সন্তোষজনক কাজ করেছে।

৮। এ ছাড়া ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রাপ্ত পূর্ণকালীন ছাত্র/ছাত্রী কোন প্রকারের পূর্ণকালীন চাকুরি করতে পারবে না। এই মর্মে শুধুমাত্র ফেলোশীপ প্রাপ্ত ছাত্র/ছাত্রীদেরকে সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর (পোস্ট-গ্র্যাজুয়েট)/সুপারভাইজার (যদি থাকে) এবং বিভাগীয় প্রধানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মে একটি বন্ড প্রদান করতে হবে, যে কোন কারণে পিএইচ ডি কোর্স অসমাপ্ত রেখে চলে যাওয়ার পূর্বেই ফেলোশীপের সমূদয় অর্থ এককালীন/কিস্তিতে বিশ্ববিদ্যালয়ের তহবিলে ফেরত দিবেন।

চলমান পাতা-০২

[redacted]



৯। সেমিস্টার এর শুরু হতে ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদানের সুবিধার্থে ভর্তি প্রক্রিয়া ১ মাস আগে সম্পন্ন করতে হবে। ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের প্রত্যেককে সপ্তাহে কমপক্ষে ১২ (বার) ঘন্টা টিচিং/রিসার্চ লোড নিতে হবে।

১০। (ক) টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপঃ
মাস্টার্স/এমফিল প্রোগ্রামের ছাত্র/ছাত্রী মাসিক ৳: ৮,০০০/- (আট হাজার) হারে যথাক্রমে সর্বোচ্চ ১৮ (আঠারো) মাস/২৪ (চব্বিশ) মাস টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ পাবেন। টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ এর অংশ থেকে ২০% হারে মাসিক ৳: ১,৬০০/- (এক হাজার ছয়শত) অপরিশোধিত থাকবে।

(খ) ফেলোশীপ ঃ
পিএইচডি প্রোগ্রামের পূর্ণকালীন ছাত্র/ছাত্রী মাসিক ৳: ১০,০০০/- (দশ হাজার ) হারে সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ) মাস ফেলোশীপ পাবেন। ফেলোশীপ এর অংশ থেকে ২০% হারে মাসিক ৳: ২,০০০/- (দুই হাজার) অপরিশোধিত থাকবে।

(গ) ধারাবাহিকভাবে মাস্টার্স/এমফিল ও পিএইচডি ডিগ্রী অর্জন করলে [মাস্টার্স প্রোগ্রামের এর জন্য ১৮ মাস ও এমফিল প্রোগ্রামের এর জন্য ২৪ মাস এবং পিএইচ ডি এর জন্য ৩৬ মাস] ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ অপরিশোধিত অর্থ পরিশোধ করা হবে।

আবেদনের নিয়মাবলীঃ

১১। (ক) ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ এর জন্য নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে।

(খ). ফেলোশীপ/টিচিং এ্যাসিসটেন্টশীপ প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানসহ জ্যেষ্ঠ ০৪ (চার) জন শিক্ষক ও কোর্স কো-অর্ডিনেটর (পোস্ট গ্র্যাজুয়েট)/ সুপারভাইজার এর সমন্বয়ে গঠিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে একাডেমিক ও আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনা ও পরীক্ষা-নিরীক্ষা করত: তাঁদের মতামত ও সুপারিশসহ আবেদনপত্র পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর দপ্তরে প্রেরণ করবেন।

(গ) রিসার্চ প্রজেক্টের আওতায় রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানসহ জ্যেষ্ঠ ০৪ (চার) জন শিক্ষক ও সাব-প্রজেক্ট ম্যানেজার এর সমন্বয়ে গঠিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে একাডেমিক ও আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনা ও পরীক্ষা-নিরীক্ষা করত: তাঁদের মতামত ও সুপারিশসহ আবেদনপত্র পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর দপ্তরে প্রেরণ করবেন।

(ঘ) পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) বাজেট ও আনুষঙ্গিক বিষয়ের আলোকে উপযুক্ততা যাচাই ও পরীক্ষা-নিরীক্ষা করে আবেদনপত্রসমূহ রেজিস্ট্রারের নিকট প্রেরণ করবেন। রেজিস্ট্রার ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদান সম্বন্ধীয় অফিস আদেশ জারীর ব্যবস্থা করবেন।
পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রতি অর্থ বছরে একবার ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রাপ্তদের বিষয়টি CASR-কে অবহিত করবেন।

ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ বন্টনের নিয়ম ঃ

১২। বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকা সাপেক্ষে প্রতি অর্থ বছরে বিভাগ প্রতি কয়টি ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রদান করা যাবে তা নির্ধারণের জন্য ভাইস-চ্যান্সেলর মহোদয় এবং সকল অনুষদের ডীন ও পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) সমন্বয়ে "ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ বন্টন কমিটি" নামে একটি কমিটি থাকবে। ভাইস-চ্যান্সেলর মহোদয় উক্ত কমিটিতে চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন এবং পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) উক্ত কমিটিতে সদস্য-সচিব হবেন।

১৩। উক্ত কমিটির সভায় ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ এর চূড়ান্ত সংখ্যা নির্ধারিত হবে।

চলমান পাতা-০৩

ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ নিয়োগের শর্তাবলী ঃ

১৪। ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রাপ্তদেরকে নিয়োগ পত্র ইস্যুর ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মাধ্যমে কাজে যোগদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৫। যোগদানের সময় তাদের এই মর্মে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তারা বর্তমানে অন্য কোন চাকুরি করছেন না এবং ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ হিসেবে কাজ করাকালীন সময়ে কোন চাকুরি গ্রহণ করবেন না। তবে বিভাগীয় প্রার্থীর (ডেপুটেশন/শিক্ষা ছুটি/চাকুরিরত বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

১৬। প্রতিটি কর্মদিবসে তাদের নিজ নিজ বিভাগে উপস্থিত থাকতে হবে। ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রাপ্তদেরকে বিভাগীয় প্রধান এবং কোর্স কো-অর্ডিনেটর (পোস্ট-গ্র্যাজুয়েট) /সুপারভাইজার (যদি থাকে) এর নির্দেশ /পরামর্শ অনুযায়ী কাজ করতে হবে।

১৭। কোর্স কো-অর্ডিনেটর (পোস্ট-গ্র্যাজুয়েট)/সুপারভাইজার ও বিভাগীয় প্রধানের সুপারিশসহ প্রত্যেক ফেলোশীপ/টিচিং /রিসার্চ এ্যাসিসটেন্টশীপ প্রাপ্তকে প্রতি মাসের তৃতীয় সপ্তাহে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অফিসের মাধ্যমে কম্পট্রোলার অফিসে ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিসটেন্টশীপ বিল দাখিল করতে হবে।

15.10.17

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ও
সদস্য সচিব, একাডেমিক কাউন্সিল
ফোন নম্বর ঃ ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/একা:/৭৩/(অংশ-১)২০১০/২৫৪৬ তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রীঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইলঃ-

১। এপিএসটু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক।

৩। পরিচালক (ছাত্র কল্যাণ)।

৪। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)।

৫। পরিচালক (কম্পিউটার সেন্টার)।
(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল)

৬। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)।

৭। ডেপুটি কম্পট্রোলার (অডিট)।

৮। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা/সংস্থাপন শাখা।

৯। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

১৫/১০/১৭

(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা